

তারিখ
 পৃষ্ঠা ৩ কলাম ... ৬

স্বরূপকাঠিতে মাধ্যমিক শিক্ষার করণ হাল

**বিদ্যালয় অনুমোদনে নিয়মনীতি
 মানা হয় না। শিক্ষক নিয়োগে
 ডোনেশন প্রথা চালু**

স্বরূপকাঠি থেকে সংবাদদাতা : উড়িবুনিয়া গণসমিধানী, একেএম নিয়মমাধ্যমিক, ওয়ারেং-ভবতকাঠি বালিকা মাধ্যমিক, ওয়ারেং তিন গ্রাম সমিধানী, দেহীদাসকাঠি নিয়মাধ্যমিক, তকাধিককাঠি শিঞ্জিএম মৈশনি বালিকা, জাতাজামুয়া নিয়মাধ্যমিক, নান্দুহার ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের অবস্থা অত্যন্ত করণ। এগুলোর মধ্যে একেএম নিয়মাধ্যমিক বিদ্যালয়ে মাত্র ৭ ছাত্রী উপবৃত্তি উত্তোলনসহ মোট শিক্ষার্থী ২১ জন। অথচ এ বছর সকল নিয়মনীতি উপেক্ষা করে ওই বিদ্যালয়ের ৪ শিক্ষক ও ১ কর্মচারী এমপিওভুক্ত হয়ে বেতন-চাকাতা উত্তোলন করেছেন। বিদ্যালয়গুলো শূন্য পদ তো থাকছে না; বরং নতুন নতুন পদ সৃষ্টি করে মোটা অঙ্কের ডোনেশনের মাধ্যমে শিক্ষক নিয়োগ দেয়া হচ্ছে। এ জাতীয় বিদ্যালয়গুলোর বিরুদ্ধে ভূয়া ছাত্রী দেখিয়ে উপবৃত্তি উত্তোলনেরও অভিযোগ আছে।